

## শিক্ষার নামে প্রতারণা করলে কঠোর ব্যবস্থা ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার । শিক্ষার নামে প্রতারণার আশ্রয় নিলে অভিমুখ বেসরকারী বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে কঠোর আইনী পদক্ষেপ নেয়ার ইশিয়ারি দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, সরকার ইতোমধ্যেই প্রতারণার আশ্রয় নেয়া অনেক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। ভবিষ্যতেও ছাড়

ঢাকা ইন্টারন্যাশনাল  
ইউনিভার্সিটির  
সমাবর্তনে ইশিয়ারি

দেয়া হবে না। তিনি একই সঙ্গে শিক্ষার্থীদের টিউশন ফিসহ বিভিন্ন (১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

### শিক্ষার নামে

(১৬-এর পৃষ্ঠার পর)

ব্যয় নির্ধারণে উদার দৃষ্টিভঙ্গি গ্রহণে বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন।  
বৃহস্পতিবার রাজধানীর পিএসসি কনভেনশন হলে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তনে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ মনোনীত প্রতিনিধি হিসেবে সমাবর্তনে সভাপতিত্ব করেন তিনি। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন। বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কে এম মোহসীন এবং বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ডাঃ মুহম্মদ শহীদুল কাদির পাটোয়ারী, ভাইস চেয়ারম্যান ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী প্রমুখ। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ তার বক্তৃতায় জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের সকল প্রকার ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখার আহ্বান জানান। বলেন, বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহকে স্ববসা ও মুনাক্ফার চিন্তা ত্যাগ করে সেবার মনোভাব নিয়ে জনকল্যাণে শিক্ষাক্ষেত্রে অবদান রাখতে এগিয়ে আসতে হবে। যে সব বেসরকারী বিশ্ববিদ্যালয় মুনাক্ফার উদ্দেশে তাদের কার্যক্রম শুরু করেছিল, সরকার ইতোমধ্যে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে। যেসব বেসরকারী বিশ্ববিদ্যালয় ব্যবসা ও

প্রতারণার আশ্রয় নিয়ে স্বার্থ হাসিল করতে চাইবে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষামন্ত্রী বলেন, দেশে বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহ বিপুলসংখ্যক শিক্ষার্থীর উচ্চশিক্ষার সম্ভাবনার যে দ্বার উন্মোচন করেছে, তা সফল করে তুলতে হবে। যারা উচ্চ শিক্ষাকে ব্যবসায় পরিণত করতে চেয়েছিল এ আইনের মাধ্যমে তাদের প্রতিহত করতেও সক্ষম হয়েছি। সমাবর্তন বক্তা শিক্ষাবিদ অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন বলেন, বর্তমানে বাজারমুখী ও কর্মসংস্থানমুখী শিক্ষা হওয়াতে মনন চর্চা হচ্ছে না। সুশিক্ষিত হতে হলে, মনন চর্চা করতে হবে। তবে তো প্রকৃত শিক্ষা অর্জিত হবে। তিনি আরও বলেন, বিদ্যা শিক্ষা অর্জনের মাধ্যমে বিবেক, বুদ্ধি ও মনুষ্যত্বের জাগরণ ঘটানোই হলো প্রকৃত শিক্ষা। নতুন গ্র্যাডুয়েটদের সত্যিকারের দেশপ্রেমিক হওয়ার আহ্বান জানান উপাচার্য অধ্যাপক ড. কেএম মোহসীন, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস-চেয়ারম্যান ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী।  
ব্রিট প্রত্যাহারের দাবি প্রাথমিক শিক্ষক সমিতির। জাতীয়করণ হওয়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিরুদ্ধে দায়ের করা রিটকে অযৌক্তিক দাবি করে তা প্রত্যাহার ও অপপ্রচার বন্ধ করার দাবি জানিয়েছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতি।